কোটচাঁদপুরে সুন্দরবন ট্রেনের দুটি বগি লাইনচ্যুত

ঝিনাইদহের কোটচাঁদপুর রেল স্টেশনে সুন্দরবন এক্সপ্রেস ট্রেনের দুটি বগি লাইনচ্যুত হয়েছে। এ ঘটনায় হতাহতের কোন ঘটনা না ঘটলেও খুলনার সাথে সারাদেশের রেল যোগাযোগ বন্ধ হয়ে যায়। গতকাল সোমবার বিকাল ৫ টার দিকে কোটচাঁদপুর রেল স্টেশন লুপ লাইনের কাছে এই দুর্ঘটনা ঘটে।
কোটচাঁদপুর রেল স্টেশন মাস্টার গোলাম মোস্তফা জানান, ঢাকা থেকে ছেড়ে আসা খুলনা গামী আন্তঃনগর সুন্দরবন এক্সপ্রেস ট্রেনটি লুপ লাইনের কাছে আসলে ট্রেনের পাওয়ারকারসহ দুটি বগি লাইনচ্যুত হয়। দুর্ঘটানায় হতাহতের কোন ঘটনা ঘটেনি।
এ ঘটনায় খুলনার সাথে সারাদেশের রেল যোগাযোগ বন্ধ হয়ে যায়। মোস্তফা জানায়, প্রাথমিক ভাবে দুর্ঘটনার কারণ সর্ম্পকে জানা যায়নি। ঈশ্বরদী থেকে উদ্ধারকারী রিলিফ ট্রেন আসলে উদ্ধার কাজ শুরু করা হবে।
স্থানীয়রা জানায়, আন্তঃনগর সুন্দরবন ট্রেনটি ১নং লুপ লাইন থেকে ২ নং লাইনে আসার সময় স্টেশনের কন্ট্রোল রুম থেকে লাইন বিচ্ছিন্ন করার কারণেই এই দুর্ঘটান ঘটেছে।
এদিকে খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করেছেন কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুর আলম কোটচাঁদপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকিসহ রেলের কর্মকর্তারা।

কালীগঞ্জে সড়ক দুর্ঘটনা রোধে মানববন্ধন ও লিফলেট বিতরণ

নিরাপদ সড়ক ও সড়ক সংস্কারের দাবিতে ঝিনাইদহের কালীগঞ্জে মানববন্ধন ও সচেতনমূলক লিফলেট বিতরণ করেছে নিরাপদ সড়ক চাই, কালীগঞ্জ উপজেলা শাখার সদস্যরা।

আজ সোমবার বেলা ১১টার দিকে নিরাপদ সড়ক চাই কালীগঞ্জ শাখার

আয়োজনে সড়কের দুর্ঘটনা রোধে মেইন বাসস্ট্যান্ডের হোটেল ধানশিঁড়ির সামনে ঘণ্টাব্যাপী এ মানববন্ধনে বক্তব্য রাখেন, বারবাজার হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মেজবা উদ্দিন, কালীগঞ্জ ফায়ার সার্ভিসের অফিসার শেখ মামুনুর রশিদ, কালীগঞ্জ পৌরসভার ৫ নম্বর ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র মনিরুজ্জামান রিংকু।

নিরাপদ সড়ক চাই কালীগঞ্জ উপজেলা শাখার আহ্বায়ক ও আরটিভির ঝিনাইদহ জেলা প্রতিনিধি শিপলু জামান, নিসচা ১ নং যুগ্ম আহ্বায়ক মিশন আলী, ২ নং যুগ্ম আহবায়ক তানজির রহমান তকি ও ছাত্র সংগঠন আওয়াজের সভাপতি অরাভ, সপ্ন ছোঁয়া ফাউন্ডেশনের সভাপতি ফিরোজ আহমেদ।

মানববন্ধন শেষে যানবাহনে জন সচেতনমূলক লিফলেট বিতরণ করে বারোবাজার হাইওয়ে থানা পুলিশ, কালীগঞ্জ ফায়ার সার্ভিস ও নিসচার সদস্যরা।

এসময় হেলমেট ও লাইসেন্স বিহীন মোটরসাইকেল চালকদের সতর্ক করে হাইওয়ে থানা পুলিশ।

মানববন্ধনে বক্তারা বলেন, খুলনা-কুষ্টিয়া মহসড়কের গড়াই, রূপসাসহ অন্যান্য পরিবহনের দানবীয় গতি বন্ধ করা, ফিটনেসবিহীন গাড়ি চলাচল বন্ধসহ মহাসড়কে তিন চাকার অবৈধ যানবাহন বন্ধ ও মহাসড়কের ব্লাইন্ড স্পট গুলোর সংস্কারের দাবি জানান।

এক টাকার জীবন সংগঠনের সমন্বয়ক মোস্তফা ইবনে মাসুদ এই মানববন্ধনের উপস্থাপনা করেন।

১১ দিনের ব্যবধানে বারোবাজারের একই স্থানে আবারও সড়ক দুর্ঘটনা! আহত-২

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বারোবাজার এলাকার পিরোজপুর নামক স্থানে বাস ট্রাকের সংঘর্ষে ১২ জন নিহত হওয়ার ১১ দিনের মাথায় একই

স্থানে দুই ট্রাকের মুখোমুখি সংঘর্ষে দুই জন আহত হয়েছে। এ সময় ট্রাক দুটির চালক ট্রাকের মধ্যে আটকা পড়ে। গতকাল রবিবার রাত সাড়ে ৭ টার দিকে এ ঘটনা ঘটে।

আহতরা হলেন- যশোরের মনিরামপুর উপজেলার ওলিয়ার রহমানের ছেলে রাসেল ও নওগাঁ জেলার ইসলামের ছেলে নুর হুদা।

প্রত্যক্ষদর্শীরা জানান, যশোরগামী ভুষি বোঝাই ট্রাকের চাকা ফেটে গেলে বিপরীত দিক থেকে আসা ঝিনাইদহগামী সার বোঝাই ট্রাকের সাথে মুখোমুখী সংঘর্ষ হয়। কালীগঞ্জ ফায়ার সার্ভিসের কর্মীরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে স্থানীয়দের সহযোগিতায় আটকা পড়া দুইজনকে উদ্ধার করে।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ জানান, ট্রাক দুটির চালক আহত হয়েছে। তাদের উদ্ধার করে একজনকে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও অন্যজনকে যশোরে পাঠানো হয়েছে।

আলমডাঙ্গায় ট্রাক-মোটরসাইকেল মুখোমুখি সংঘর্ষ, আহত-১

আলমডাঙ্গার বন্ডবিলের নিকট ট্রাক ও মোটরসাইকেল মুখোমুখি সংঘর্ষে হাসান (৩০) নামের ১ব্যক্তি গুরুত্বর আহত হয়েছে। গতকাল বিকাল ৫ টার দিকে বন্ডবিল গেটের নিকট এ দুর্ঘটনার শিকার হন তিনি। এ ঘটনায় স্থানীয়রা উদ্ধার করে হাসানকে স্থানীয় হাসপাতালে ভর্তি করে।

জানাগেছে, আলমডাঙ্গার জোড়গাছা গ্রামের মিনারুল ইসলামের ছেলে হাসান তার বন্ধুর সুজুকি জিকসার মোটরসাইকেল যোগে বন্ডবিলের দিকে যাচ্ছিলো। এ সময় চুয়াডাঙ্গা থেকে দ্রুত গতিতে ছুটে আসা ট্রাক ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। মোটরসাইকেল চালক হাসানসহ গাড়িটি ট্রাকের নিচে চলে যায়।

এতে গাড়ি চালক হাসান গুরুত্বর আহত হয়। স্থানীয়দের সহযোগিতায়

তাকে উদ্ধার করে আলমডাঙ্গার একটি ক্লিনিকে ভর্তি করে। আলমডাঙ্গা থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে যশোর ট-১১-১২৮৩ নম্বর ট্রাক ও মোটরসাইকেল জব্দ করে করে থানায় নিয়ে আসে।

ঝিনাইদহে বাসের ধাক্কায় যুবক নিহত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে বাসের চাকাই পিষ্ট হয়ে সপ্রাণ হারিয়েছেন মোটরসাইকেল চালক রাতুল হোসেন (২০) নামের রেডেক্স কুরিয়ার সার্ভিসের এক কর্মী নিহত হয়েছে। তিনি উপজেলার নতিডাঙ্গা গ্রামের মন্টু মিয়ার ছেলে।

বুধবার সকালে ঝিনাইদহ-হরিণাকুণ্ডু সড়কের কাঁপাশহাটিয়া বটতলা নামক স্থানে সড়কের ওপর এ দুর্ঘটনা ঘটে। এ ঘটনায় মোটর সাইকেল আরোহী প্রান্ত নামে আরও যুবক আহত হয়েছেন।

পুলিশ ও স্থানীয়রা জানায়, সকালে হরিণাকুণ্ডু থেকে ঝিনাইদহগামী খন্দকার পরিবহনের একটি যাত্রীবাহী বাস (খুলনা-মেট্রো-জ-১১-০০২৮) দুর্ঘটনা কবলিত এলাকায় সড়কের ওপর পিছন থেকে ঝিনাইদহগামী ওই মোটর সাইকেলটিকে সজেও ধাক্কা দেয়।

এতে মোটরসাইকেল চালক ও আরোহী দুই যুবক সড়কের ওপর ছিটকে পড়ে। এ সময় বাসটি মোটর সাইকেলের চালক রাতুলের বুকের ওপর ও পিছনে বসে থাকা যুবক প্রান্ত‘র পায়ের ওপর দিয়ে চলে যায়।

পরে স্থানীয়রা তাদের উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করেন। সেখানেই তার মৃত্যু হয়।

ঝিনাইদহ সদর হাসাপাতালের কর্তব্যরত চিকিৎসক জানান, নিহত যুবকের বুকে প্রচন্ড আঘাত লেগেছিল। প্রচুর রক্তক্ষরণে হাসপাতালে আসার পরই তার মৃত্যু হয়েছে।

হরিণাকুণ্ডু থানার ওসি আব্দুর রহিম মোল্লা জানান, এ দুর্ঘটনায় একজনের মৃত্যু হয়েছে। আর একজন আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন

আছেন। বাসচালক পলাতক রয়েছে। দুর্ঘটনাকবলিত ওই বাসটিকে জব্দ করা হয়েছে।

ঝিনাইদহ-যশোর মহা সড়কে দুর্ঘটনার অভিযুক্ত ট্রাক চালক আটক

ঝিনাইদহের কালীগঞ্জে মর্মান্তিক দুর্ঘটনায় ১২ জন নিহতের ঘটনায় অভিযুক্ত ট্রাকের চালক রনি গাজী (২৮) কে গ্রেফতার করেছে হাইওয়ে পুলিশ।

শুক্রবার রাতে যশোরের বেনাপোল সীমান্ত থেকে তাকে আটক করা হয়। এছাড়াও কালীগঞ্জ ট্রাক টার্মিনাল থেকে ট্রাকটি জব্দ করা হয়।

আটককৃত ট্রাক চালক রনি যশোরের শার্শা উপজেলার সনাতনকাটি গ্রামের মশিয়ার রহমান গাজীর ছেলে। বারবাজার হাইওয়ে থানার ওসি শেখ মেজবাহ উদ্দিন জানান, গোপন সংবাদের ভিত্তিতে শুক্রবার রাতে বেনাপোল সামান্ত এলাকায় অভিযান চালায় তারা। এসময় ভারতে পালিয়ে যাওয়ার সময় রনি গাজীকে আটক করা হয়।

গত ১০ ফেব্রুয়ারি কালীগঞ্জ থানায় হাইওয়ে পুলিশের ওসি শেখ মেজবাহ উদ্দিন বাদি হয়ে অজ্ঞাতদের আসামী করে মামলা দায়ের করেন। সেই মামলায় তাদের গ্রেফতার দেখানো হয়।

উল্লেখ্য, গত বুধবার বিকেলে কালীগঞ্জ উপজেলার বারোবাজারে যশোর থেকে ছেড়ে আসা মাগুরাগামী জে কে পরিবহণের একটি বাস ও ট্রাকের সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই ৯ জন ও পরে আরও ৩ জন মারা যায়। ঘটনার পর থেকে পলাতক ছিল ট্রাকের চালক।

কালীগঞ্জে এবার চায়ের দোকানে ঢুকলো ট্রাক! আহত ৪

কালীগঞ্জ হক চিড়ার মিল এলাকায় এক পথচারীকে বাঁচাতে গিয়ে সবজি বাহী অবৈধ আলমসাধুর (শ্যালো চালিত যান) সাথে সংঘর্ষের পর নিয়ন্ত্রণ হারিয়ে চায়ের দোকানে ধাক্কা দিল বেপরোয়া ট্রাক। এতে চায়ের দোকানে থাকা তিন জন ও আলমসাধুর চালক গুরুতর আহত হয়েছেন।

আহতদের কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করার পর গুরুতর আহত তিনজনকে যশোর ২৫০ শয্যা হাসপাতালে রেফার্ড করা হয়েছে। আহতরা হলেন আলমসাধু চালক দয়াপুর গ্রামের আয়ুব হোসেনের ছেলে বিপুল হোসেন (৩৫), তালসার গ্রামের সাবজাল হোসেন (৫৫), দামোদর পুর গ্রামের আঃরাজ্জাক (৫০), মধুগঞ্জ বাজার এলাকার মুশফিকুর রহমান টুটুল (৪৯)। আহতরা সকলেই কালীগঞ্জ এলাকার বাসিন্দা।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার মামুনুর রশিদ জানান, ঝিনাইদহের দিক থেকে একটি ট্রাক যশারের দিকে যাচ্ছিল। পথমধ্যে হক চিড়ামিল এলাকায় পৌঁছালে এক পথচারীকে বাঁচাতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে একটি কাচা সবজিবাহী আলমসাধু গাড়িকে ধাক্কা দিয়ে পাশের একটি চা দোকানের উপর উঠে যায়।

এ সময় দোকানে বসে থাকা টুটুল হোসেন, সাবজাল হোসেন, আব্দুর রাজ্জাক নামে তিনজন আহত হয়। এরমধ্যে আব্দুর রাজ্জাক চা দোকানী।

চুয়াডাঙ্গায় ট্রাকচাপায় রেলইয়ার্ড শ্রমিক নিহত

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনায় ট্রাকের ধাক্কায় সাজু আহম্মেদ (২৩) নামের এক রেলইয়ার্ড শ্রমিক নিহত হয়েছেন।

বুধবার সকালে দর্শনা রেলবন্দরে এ দূর্ঘটনা ঘটে। নিহত সাজু

আহম্মেদ দর্শনা পৌর এলাকার শান্তিনগর গ্রামের মহিদুল ইসলামের ছেলে।

দর্শনা থানার ওসি মাহাব্বুর রহমান জানান, বুধবার সকালে দর্শনা রেলইয়ার্ডে ভারত থেকে আসা মালবাহী ট্রেন থেকে পণ্য খালাসের কাজ করছিলো সাজুসহ কয়েক শ্রমিক।

এসময় খালাসকৃত পণ্যবোঝাই একটি ট্রাক (ঢাকা মেট্রো-১৩-৫৩৪৩) পেঁছাতে গেলে ট্রাক ও মালবাহী ট্রেনের মাঝে পড়ে পিষ্ট হয় সাজু। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে সাজুর মরদেহ উদ্ধার করে।

ঝিনাইদহের কালীগঞ্জে বাস উল্টে নিহত-১০, আহত-২০

ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার বারো বাজার এলাকায় যাত্রীবাহী বাস উল্টে দশজন নিহত হয়েছেন বলে স্থানীয় সূত্রে জানা গেছে।

তবে নিহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ এর তথ্য সুত্রে জানা গেছে।

তিনি জানান, বুধবার (১০ ফেব্রুয়ারি) বিকাল ৩টার দিকে উপজেলার বারবাজার এলাকায় যশোর দিক থেকে ছেড়ে আসা কষ্টিয়াগামী গড়াই পরিবহনের সাথে একটি ট্রাকের সংঘর্ষ হলে বাসটি রাস্তার ধারে উল্টে যায়া। খবর পেয়ে ঘটনাস্থলে এসে ১০ জনের লাশ উদ্ধার করা হয়েছে। এখনও উদ্ধারকাজ চলমান রয়েছে।

নিহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে জানান ফায়ার সার্ভিসের এ কর্মকর্তা।

[redacted]

[redacted]